গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
thakurgaonsadarthakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৭.০২৭.২৫-২১১(২০০) তারিখ :- ০৩/০২/২০২৫ খ্রিঃ।

## ঠাকুরগাঁও সদর উপজেলাধীন হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩২ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সরকারী নীতিমালা অনুযায়ী সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী দরদাতাগণের নিকট হতে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র (সিডিউল ফরম)বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে নিম্নবর্নিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, ঠাকুরগাঁও সদর, সোনালী ব্যাংক, ঠাকুরগাঁও প্রধান শাখা, ঠাকুরগাঁও সদর থানা, রুহিয়া থানা, ভূল্লী থানা, ঠাকুরগাঁও এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্ব কার্যদিবস পর্যন্ত নগদ মূল্যে ক্রয় করা যাবে। **দরপত্র নিম্নোক্ত তারিখ ও সময়সূচী অনুযায়ী সকাল ১০-০০ টা হতে দুপুর ০১-০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার, ঠাকুরগাঁও কার্যালয়, উপজেলা ভূমি অফিস, এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ৩-০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।** উল্লেখ্য, ১ম দফায় যদি কোন হাট/বাজারের দরপত্র গৃহীত হয় তবে ২য় দফায় উক্ত হাট/বাজার ইজারার তালিকা হতে বাদ যাবে। অনুরূপভাবে ৩য় দফা পর্যন্ত একই নিয়ম প্রযোজ্য হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে এবং অত্রাফিসের ওয়েবসাইট thakurgaonsadar.thakurgaon.gov.bd এ ক্লিক করে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

### হাট-বাজার ইজারা সংক্রান্ত তফসিল

| ক্রঃ নং | ইউনিয়নের নাম/ হাটের অবস্থান | হাটের নাম | সরকারী মূল্য | সিডিউলের মূল্য | দরপত্র ক্রয় ও দাখিল সংক্রান্ত সময়সূচী | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম দফা | | ২য় দফা | | ৩য় দফা | |
| | | | | | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
| ০১ | রুহিয়া | বাংলা বাজার | ৩৪৭৭৮.০০ | ৫০০/= | ১৯/০২/২৫ | ২০/২/২৫ | ০৫/৩/২৫ | ০৬/৩/২৫ | ২৩/৩/২৫ | ২৪/৩/২৫ |
| ০২ | আখানগর | গুঞ্জুরা হাট | ৪৪৩৬.০০ | ৫০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৩ | আকচা | দেবীগঞ্জ হাট | ৩৮৬০.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৪ | | ফাড়াবাড়ি হাট | ৩২৩৩০০.০০ | ১৪০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৫ | বড়গাঁও | কদম রসুল হাট | ১২৯৯.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৬ | | লক্ষীর হাট | ২৪৮৪১.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৭ | বালিয়া | ভূল্লী হাট | ৬২২৪৩৪.০০ | ২০০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৮ | | ভূল্লী নিত্য বাজার | ৫১৩২১৮.০০ | ১৮০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ০৯ | | শবদল হাট | ২৪১৩.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১০ | আউলিয়াপুর | কচুবাড়ি উপরপরী | ১২৯৯.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১১ | | বুড়ির হাট | ২০৮৯.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১২ | চিলারং | আখানগর বাজার | ৩৪০২৮.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৩ | | আলাদী হাট | ৯৮৮২০২.০০ | ২৬০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৪ | রহিমানপুর | মাদারগঞ্জ | ৩৮০৫৮৭২.০০ | ৮৪০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৫ | রায়পুর | ভাউলার হাট | ৪২৮৩২৮৫.০০ | ৯২০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৬ | জামালপুর | শীবগঞ্জ হাট | ২৭৯১৫১০.০০ | ৬২০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৭ | | ভকদগাজী হাট | ৩১৮০০.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৮ | | কাশিডাঙ্গা হাট | ১১১.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১৯ | মোহাম্মদপুর | ফেরসাডাঙ্গী হাট | ৭২৯৮.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২০ | সালন্দর | চেরাডাঙ্গী হাট | ১২৯৯.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২১ | গড়েয়া | গড়েয়া হাট | ৯০৯৭৭৯২.০০ | ১৮৮০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২২ | রাজাগাঁও | পাটিয়াডাঙ্গী হাট | ৪৩০৭৩.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২৩ | | বড়দেশ্বরী হাট | ১৮৩৯.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২৪ | দেবীপুর | রঙ্গিয়ানী হাট | ৪৭০০০৬.০০ | ১৬০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২৫ | | মুন্সির হাট | ৫৬১৭২.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২৬ | নারগুন | নতুন খোচাবাড়ি | ১৮১৪৮.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২৭ | | নালার হাট | ৩০৫.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২৮ | জগন্নাথপুর | গলিমবাবুর হাট | ১২২৯৬.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ২৯ | | খোচাবাড়ি হাট | ৮৩৭৮৩৫৪.০০ | ১৭৪০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩০ | শুখানপুখুরী | ডি-হাট | ৭০৬৮.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩১ | | জাঠিভাঙ্গা হাট | ১১৪৪৮.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩২ | | তুরুকপথা হাট | ৬৫৮৯৮.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩৩ | | কার্তিকতলা বাজার | ১০৫৪২.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩৪ | বেগুনবাড়ি | দানার হাট | ১৭০৮৫৬.০০ | ১০০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩৫ | | শালের হাট | ৪৮৩৪.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩৬ | | খেকিডাঙ্গী হাট | ৩৮৫৭৪.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩৭ | | বেগুনবাড়ী চৌধুরী হাট | ৩৩০৮.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩৮ | রুহিয়া পশ্চিম | রামনাথ হাট | ৩৩৭০৮২.০০ | ১৪০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩৯ | ঢোলারহাট | ঢোলার হাট | ৩০৬০০.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৪০ | সেনুয়া | চৌধুরী হাট | ১৩০৯.০০ | ৫০০/= | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |

## শর্তাবলী ঃ

১। দরপত্রে অংশগ্রহণকারীকে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশীলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে, যার ২৫% ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

২। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বোচ্চ দর (যা কোন মতেই সরকারী মূল্য অপেক্ষা কম হবে না) গ্রহণ করা হবে। দুই বা ততোধিক দরদাতার দর সমান হয়ে সর্বোচ্চ বিবেচিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, তাকে কার্যাদেশ প্রাপ্তির/দরপত্র গ্রহণ সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট অর্থ এবং দাখিলকৃত দরের ১০% আয়কর ও ১৫% ভ্যাট নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করত; জমা স্লিপ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও হাট/বাজারের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে। প্রত্যেক হাট/বাজারের জন্য পৃথক খাম ব্যবহার করতে হবে।

৫। সরকার অনুমোদিত টোল রেট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট/বাজারের দৃশ্যমান স্থানে এক/একাধিক টোল চার্ট স্থাপন করবেন।

৬। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ইজারাদার কোন ক্রমেই হাট/বাজারের কোন অংশ সাব-লিজ দিতে পারবেন না।

৭। ইজারাদার নিজ খরচে হাট/বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং বাজারে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

৮। এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট/বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্রে কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা গ্রহণযোগ্য হবে না।

৯। উল্লিখিত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্ত ভঙ্গের কারণে কর্তৃপক্ষ হাট/বাজারের ইজারা বাতিল করতে পারবেন।

১০। প্রত্যেক পর্যায়ে দরপত্র দাখিলের পূর্ব কার্যদিবস পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র (সিডিউল) ক্রয় করা যাবে। তবে কোন হাট-বাজারের দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত হাট-বাজারের সিডিউল বিক্রয় করা হবে না।

১১। কোনক্রমেই দরপত্রের ফটোকপি গ্রহণযোগ্য হবে না ।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ
(মোঃ খাইরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
মোবাইল নং-০১৭০৭৪৪৯০৯০
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৭.০২৭.২৫-২১১(২০০) তারিখ :- ০৩/০২/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।

৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।

৪। প্রশাসক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

৫। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ/রানীশংকৈল/বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো।

৬। প্রোগ্রামার, বিপিপিএ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭। তাঁকে বিজ্ঞপ্তিটি সিপিটিইউ'র ওয়েব সাইটে প্রকাশিত করার জন্য অনুরোধ করা হলো।

৭। সহকারী কমিশনার (ভূমি) ,ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীশংকৈল/বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো।

৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৯। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো।

১০। সম্পাদক, দৈনিক.......................................................................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১(এক)দিন স্বল্প পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

১১। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . (সকল) ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে অবস্থিত হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হল।

১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, . . . . . . . . . . . . . . . . . . (সকল) ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়ন ভূমি অফিসের নিয়ন্ত্রণাধীন হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হল।

১৩। ইজারাদার-------------------------------------------------------হাট বাজার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

১৪। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

০৩/২/২৫
(মোঃ খাইরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
মোবাইল নং-০১৭০৭৪৪৯০৯০